

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩২

খোয়াই, ০৫ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

খোয়াইয়ে মহিলা ভোটকর্মীদের নিয়ে নির্বাচনী মহড়া অনুষ্ঠিত

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় আসনের নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন করার লক্ষ্যে খোয়াই জেলা নির্বাচন আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে গতকাল জেলা প্রশাসনের কনফারেন্স হলে ভোট গ্রহণের কাজে নিয়োজিত মহিলা ভোট গ্রহণকর্মীদের একদিনের নির্বাচনী মহড়া অনুষ্ঠিত হয়। শিবিরে খোয়াই জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক চাঁদনী চন্দ্রন নির্বাচন কমিশনের বিধি অনুযায়ী কিভাবে ভোট গ্রহণ করতে হবে এবং প্রিসাইডিং অফিসারের দায়িত্ব ও কর্তব্য নিয়ে বিস্তারিত আলোচনা করেন। উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক তথা এ আর ও কেশব কর, অতিরিক্ত জেলাশাসক তথা এ আর ও অভিজিৎ চক্রবর্তী, খোয়াই মহকুমার মহকুমা শাসক মেঘা জৈন প্রমুখ। শিবিরে ১৩৪ জন মহিলা ভোটগ্রহণকর্মী অংশ গ্রহণ করেন। মহড়া শেষে খোয়াই কোহিনুর কমপ্লেক্স প্রাঙ্গন থেকে ভোটারদের সচেতন করার লক্ষ্যে মহিলা ভোটকর্মীদের নিয়ে এক র্যালি আয়োজিত হয়। র্যালিতে জেলা নির্বাচন আধিকারিক চাঁদনী চন্দ্রন, খোয়াই মহকুমার মহকুমা শাসক মেঘা জৈন, পদ্মবিল ব্লকের বিডিও স্বরূপা রিয়াং, ইলেকশন নোডাল অফিসার রাজীব পাল সহ মহিলা পুলিশ আধিকারিক ও কর্মীগণ অংশ নেন।

\*\*\*\*\*